



Artist :
Students of Srirampur Child Guidance Center (SCGC)


ENT AND ALLERGY ASSOCIATES, LLP
ENTANDALLERGY.COM
Call us today.See us today!®
1-855-ENTA-DOC
Our Services
Advanced Sinus/Skull base
Adult and Pediatric Allergy, Asthma and Immunology
Balloon Sinus Procedure
Clinical Research
Ear and Dizziness
Adult Ear, Nose and Throat
Facial Plastic Surgery
Hearing Aids & Audiology
Pediatric Ear, Nose and Throat
Sleep Services
Voice and Swallowing
Saturday Appointments Available
Over 180 physicians practicing in 40 offices throughout New York and New Jersey
At ENT and Allergy Associates, you now have 3 convenient ways to book a same day appointment .
1 Call them at 1-855-ENTA-DOC
2 Book online 24/7 at www.entandallergy.com
3 Download the ENTA App!.
www.entandallergy.com

Dear Friends and Family,

**শারদীআ শুভেচ্ছা ! Sharodiya Shubhechha !**

GSPC

Culture leads us to Karma

I welcome all of you to GSPC 35th Durga Puja-2016. Established in 1981, Garden State Puja Committee (GSPC) is one of the oldest socio-cultural organizations in New Jersey. Since its inception, GSPC has been hugely successful in bringing Bengalis of the Tri-State area closer through major events like Durga Puja and Saraswati Puja. Thanks to the endeavor, guidance and committee of its senior leaders. The organization has seen some changes over the past few years and its current form has evolved significantly that I am happy to publicize.

Over the last few years our organization has taken significant strides in giving back to the society through philanthropic work both in the USA and India through its social arm –**"Karma"**. Few of the achievements of "Karma" arm over the last year includes supporting the special children at Srirampur Child Guidance Center (India), supporting 100 underprivileged students at Gadadhar Pathshala run by Ramakrishna Mission (India), the School Supply drive, winter coat collection drive in association with Jersey Cares (USA) and supporting underprivileged students at Marist High School (USA).

The organization is committed to various social causes and has planned out some major events in the near future, including another "Blood Donation" drive in Jersey City, NJ in 2016 and "Coat drive" during these two days of Durga Puja. I sincerely thank all of the GSPC committee members, volunteers and not the least, their families for supporting these initiatives despite such hectic schedules. We will need all of your support in making "Karma@GSPC" go from strength to strength. I encourage all of you to reach out to the senior committee members if you think you can contribute.

Lastly, I would like to say a BIG thanks to everyone for attending our Durga Puja - our biggest fundraiser event for Karma@GSPC. Also, I greatly appreciate the trust of our sponsors and we sincerely hope to keep up with our promises. Please stand with us, work with us and help us with the revenues to help the 'children in need'. At last, my deepest appreciation to my dearest committee members and their supportive families. GSPC has taken today's shape due to their tireless and unflinching efforts. I also would like to thank our seniors for their continued guidance and mentorship.

Once again, on behalf of the GSPC family, a very warm welcome to everyone! Enjoy these two days to the fullest in our "ghoroa-pujo" environment and relish our "Bongo-bhoj"! Would greatly appreciate if you could kindly leave us some feedback as well.

Let's walk together in this journey and contribute for children who need all of us.

Warm regards,

**Indrani Mukherjee** | President (GSPC) | 8th Oct 2016


GSPC
Bengali Socio-Cultural Organization of New Jersey
GARDEN STATE PUJA COMMITTEE
NEW JERSEY ★ ESTD. 1981
karma@GSPC
giving back to our fu


The blood you donate can give someone another chance at life.
Life Shared. Life Saved.
A karma@GSPC initiative
giving back to ur future
Blood Drive on Saturday Aug 29th 2015
@ St John the Baptist Church, JSQ
Donor Guidelines:
- Weigh at least 110 lbs.
- Eat before donation, Bring I.D.
- Complimentary non-fasting Glucose and Cholesterol test with every blood donation
COMMUNITY BLOOD SERVICES


Back to School Drive.
A karma@GSPC initiative
A karma@GSPC initiative...
SCHOOL


GARDEN STATE PUJA COMMITTEE
NEW JERSEY ★ ESTD. 1981
GSPC
Support karma@GSPC
giving back to ur future
ESTD 1986
karma@GSPC
RAMAKRISHNA MISSION

# About GSPC

**Garden State Puja Committee (GSPC)** is a registered, not-for-profit community organization (501c (3)), ESTD 1981. Some enthusiastic and energetic Bengalies formed this organization and to mention some of those are: Mr. Amitabha Sen, Mr. Asit Roy, Mr. Biren Bhattacharya, Mr. Prabhat Dutta, Mr. Tapas Ganguly, Mr. Pijush Chakrobarty, Mr. Biresh Biswas, Mr. Sandip Saha, Mr. Swapan Roychowdhury, Mr. Barin Bandopadhyay, Dr. Suman Das, Mr. Mono Ranjan Sen, Mr. Kamal Aditya and Mr. Ashok Rakshit. We are one of the earliest American-Indian socio cultural organization initiated in NJ and our efforts have been preserving the heritage and culture of India.

Our long-term mission has always been helping the community through '**Karma**', the charitable work that has enabled us touching the lives of children substantially. Our goal is to support the organizations that have dedicated themselves towards making meaningful differences for children who are in need. We are determined to partner with such organizations that are struggling financially and support them within our means. We have been contributing to some Indian organizations like Ramkrishna Mission, Shrirampur Child Guidance Center, etc. We are supporting few of their special children and have taken up the responsibility to support those children until they become independent and move ahead with their lives.

We are also committed to support some special programs that will provide food and shelter to orphaned or abandoned children. Our book drive efforts have enabled us support the education of several enthusiastic kids and we are very determined to continue such effort as a team. Organizing blood donation camps to help children with thalassemia and many other blood-related disorders are something that we are currently working on. We also aspire to reach out to different organizations worldwide and spread our love and resources among the underprivileged children. To achieve our goals, we appreciate your effort and cooperation through your generous contributions to GSPC in our fundraising endeavors.

GSPC believes in **"Culture leads us to Karma".** Our cultural team is well trained in various art forms like dancing, singing, dramatics, recitation, scripting and art. The experienced and trained members dedicate their time and creativity to preserve the heritage and culture of India & Bengal. We inculcate the cultural in grooming the youngster .Our passionate volunteers and kids develop cultural shows on various forms of performing arts of India. Our productions are performed for fund raising events during Saraswati Puja, Rabindra Jayanti, Poila Baishakh and at other establishments, peer organizations in the community for edutainment.

# GSPC Scholarship for Shrirampur Child Guidance Center (SCGC)

Shrirampur Child Guidance Center was founded in 1986 with 4 students at the suburban town of Serampore in Hooghy District in West Bengal, India. The School has faced financial hurdles from the beginning but thanks to a team to extremely dedicated teachers, the School has grown over the years and now houses almost 145 Special Needs children.

Garden State Puja Committe (GSPC) has been extremely generous in their donation of $850. This appreciable amount will go a long way in covering many of the costs incurred by the School. Firstly, GSPC will be sponsoring 10 students who come families struggling with the financial burden of meeting their child's special learning needs. The GSPC Fund helps with special therapies, equipment, testing and specialized materials. A portion of the fund will also be used in purchasing equipment particularly geared towards special needs.

***Some Children Of Shrirampur Child Guidance Center***

| | | | |
|---|---|---|---|
|  Rupam Das 10 years old; loves to socialize and sports. He is hearing impaired. |  Ritika Prasad 10 years old and hearing impaired; loves drawing in landscape |  Himangshu Malik 10 years old hearing impaired boy. He spends most of the time making different types of structures with plastic block (ships, horses and other animals). |  Ritwik Karmakar 14 years old is hearing impaired and loves coloring. Nature is his favorite subject. |
|  Piali Bogi 13 year old hearing impaired girl; loves to cook and help her mother with cooking. |  Monoj Choudhury 15 years old hearing impaired; loves to express himself through mime and acting. |  Kabita Munshi 12 years old and is mentally disabled; Her favorite hobby is dancing. |  Bishakha Dutta 11 years old and is mentally disabled girl; She loves dancing and rhythm and is very expressive with her big eyes. |
|  Amartya Dutta 13 is mentally disabled boy and loves funny poems and rhymes. |  Sayan Das 4 year old boy who loves to draw and paint figures. | | |

# SCGC Initiatives



**Few art pieces from our little hearts from GSPC -**

**Debalina Chanda**




**Death Valley…** by **Nirnay Bhattacharya**



# GSPC Scholarship for Gadadhar Pathshala

Dear All,

I thank you a lot for the email seeking my write-up on the Garden State Puja Committee as such. I know that you hold this Puja with utmost devotion and care. The Puja of the Mother Durga has to be done according to the scripture injunctions and also the performers must have right earnestness and devotion. I know you, the members, are conscious of that. It is not just all mirth and merry makings.

Of course, I appreciate you move towards helping those like us who are helping others. This time you helped us in running the **Gadhadhar Pathshala** (Class KG – IV) at the Institute. We give them breakfast, dress, educational kits etc free of cost. They mostly come from these slums in our locality. I feel you will have the benefit of charity done by us through your help.

I congratulate all the members to GSPC at your place for holding the Durga Puja this year also and also help us as usual by sending your mite for the children.



I wish you a happy Puja.

Love

Yours affectionately
Swami Suparnananda (Satya Da)

Secretary, Ramakrishna Mission Institute of Culture, Kolkata, India

**~: Lord of my Life :~**

(An effort by Sayantan Dutta)

O Ramakrishna, the lord of my life.
O Ramakrishna, the thrum by the hive.

Thou my soul, with a glimpse of your smile,
I bourne the pain of this bodily exile.

With deep gratitude from this humble heart,
Thyself I beg to salvage my clart.

With folded hands in deep solitude and silence,
I beg, i beseech, a grain of thou essence.

O poorest of the poor, O king of the kings,
Epitome of cognizance, still so placid thy wings.

I close my eyes still blaze the shine,
My spirit takes courage from divine thine.

Face to face here i stand.
Whisper to me and behold my hand.

O Ramakrishna, the thrum by the hive.
O Ramakrishna, the lord of my life.

**"GSPC Scholarship fund"** to support underprivileged students at Marist High School, Bayonne, NJ

অনুগল্প... **পরিস্থিতির হোমানলে**

**- অরুণা বসু**

অনেকদিন পর বন্ধু পলাশের বাড়ীতে আড্ডা সেরে হাল্কা মেজাজে ওদের বাড়ী থেকে বেড়িয়েছি। এমন সময় বেশ জোরে বৃষ্টি নামলো। বৃষ্টির ছাট্ শরীর ভেজাচ্ছিল - বেশ ভালোই উপভোগ করছিলাম। বাড়ীতে ফেরার শেষ ট্রেনটা ধরবো বলে এগোচ্ছি, দেখতে পাচ্ছি বেশ ভীড়। কোনো রকমে উঠে একপাশে দাঁড়িয়ে, আড্ডার মেজাজটা ধরে রাখার চেষ্টা করতে না করতেই নামার স্টেশন এসে গেলো।

ট্রেন থেকে নেমে দেখলাম একটি মাত্র রিক্সা দাঁড়িয়ে আছে। একটু তাড়াতাড়ি পা চালিয়ে এসে রিক্সায় উঠে বসলাম। বেশ একটা স্বস্তির নিশ্বাস পড়লো। রিক্সা চলতেও শুরু করলো। কিছুটা যাবার পর হঠাৎ লম্বা মতন একজন চলন্ত রিক্সায় লাফিয়ে উঠে বসল। এত আচম্কা ঘটে গেল যে বেশ হতভম্ব হয়ে গেলাম। নিজের পকেটের সম্বলটুকু সামলাতে ব্যস্ত হয়ে পড়লাম। দু-একটা কটুক্তিকর কথা বলে মনের বিরক্তি প্রকাশ করলাম। রিক্সা চালক রিক্সা থামাল তো নাই, উল্টে নির্বিকার মনে চলতেই লাগল। যে রিক্সায় উঠে বসল সেও কোন রূপ উত্তেজনা বা বিরক্তি প্রকাশ করল না। এই আচরণ দেখে আমার মানব মনটা ভেবে নিল - এই বৃষ্টিতে সেই বা যাবে কি করে। কিছুটা যাবার পর আবার লাফিয়ে নেমেও গেল পাশের ভদ্রলোক।


রিক্সা চালক কিছুটা যাবার পর বলল - "বাবু আপনি অনুমতি দিলে এনার কথা কইতে পারি"। আমিও শোনার আগ্রহ প্রকাশ  করলাম। রিক্সা চালক বলতে লাগলো। "বছর খানেক আগে বা আরও আগের কথা। ওনার মাইয়াডা রাইতের শ্যাশ্ টেরেন্টা ধইরা বাড়ী আইতো। শুন্সি কোই য্যানো গান কর্তো। কিসুদিন হইল মাইয়াডা কোথায় য্যানো হারাইয়া গেলো গিয়া। আর ফির্র্যা আসে নাই। সেইর্ থিকাই এই বাবু রোজ রাইতে শ্যাশ্ টেরেন্টা দ্যাখে আর রিস্কা গুলানো দ্যাখে। শুন্সি কোই য্যানো গ্যাশে গিয়া। হারাইয়া গ্যালো আর ফ্যারে নাই। কেই বা তার খোঁজ করব। তাইর পর থিক্যাই শ্যাশ্ টেরেন্টা দ্যাখে। এই ভাবেই লাফ দিয়া রিস্কায় ওঠে, আবার নাইম্যাও যায়। দ্যাখে মাইয়াডা আইসে কিনা। শীত, গ্রীষ্ম, বর্ষা ... বারো মাস এই কর্তাসে বহু লোকের কাসে মাইরও খাইশে... সব সহ্যি কর্তাসে নিঃসাড়ে "।

সব শোনার পর নিজের ওপর একটু রাগই হল - ইচ্ছে করছিল ওর কাছে গিয়ে ক্ষমা চেয়ে আসি। অনুতপ্ত হচ্ছিলাম - ছিঃ ! এই দুঃখী মানুষটার সঙ্গে এমন ব্যাবহার করলাম!

~~ মন কেমনের মাস ~~

- নয়নাঞ্জন চক্রবর্তী

মহালয়া সুরে আটখানা হল রাত ভোর,
জেঠিমার কোলে পড়াশোনা ভুলে 'হাই' তোর।
গলিটা পেরোলে শর্মির মিঠে তিন তাল,
বাপিন কাকুর সান্ধ্য রোয়াকে বোল-বাল।
দত্ত বাড়ির ভায়ে ভায়ে কেঠো দ্বন্দ্ব,
ঘোষ কেবিনের ডালপুরী মাখা গন্ধ।
দক্ষিনাপনে বউ ঢোকে আগ্ বাড়িয়ে,
অসহায় স্বামী প্লাস্টিক হাতে দাঁড়িয়ে।
সাদা পাঞ্জাবী, লাল পাড়ে পাড়া তোলপাড়;
হাসি, অন্তাক্ষরী, চকিত চাহনি বারবার।
উত্তর থেকে দক্ষিনে খাই চরকি,
মুদিয়ালি থেকে কলেজ-স্কোয়ার?? তোর কি!!
সারা সাল ধরে অপেক্ষার ওই পাঁচ দিন,
কাশফুল আর ধূপ-ধুনো ভরা আশ্বিন।।




## *A page from my Diary: **Escape to Adirondacks with my friends***

**Tanisha Mitra (Rai)**

For a long time, I wanted to explore a new place with my friends and family. We kept on nagging and yayyy.... - finally our parents planned a trip in the long weekend. And the best of all, my grandma will be accompanying us this time. We will be going to Adirondacks the day-after. My whole family can't wait to go there. We saw a picture of how it's gonna be. We gonna have so much fun exploring the place. I am going to bring rocks and other stuff to learn about, from that place. I hope this trip goes as planned and I have lots of fun with my friends.

On the day of trip, what a wonderful morning it was - we started with a 5 hours' drive. I heard some of my favorite songs during the drive and ate chips, candy and spicy nuts. When I finally reached with all my friends - we all jumped together and shouted "the fun starts now" - no one even stopped us from being loud. It's a big wooden house with so many playing areas. We all knew we were gonna be here together for 3 days in the same house and so we started playing right away. We got to stay up till midnight that day - we played so many games like monopoly, sleeping queen and snakes & ladder. When we finally were all sleepy, then only we went to bed - and that was well past midnight. We had such a blast that night.

The next day morning we discovered a hammock adjacent to the house and we took turns. We were served croissants for breakfast near the hammock. After that I and my friends asked my mom if we can go biking in the nearby trails. Even though she was not pleased, she let us go with her. When we started biking one of my friends overtook my mom and that made us start a race. After pedaling a long time, we saw a puppy far away. When we went a further more we still couldn't see its owner. Suddenly the dog started running and we started pedaling faster and faster getting so scared. And then one of my friend was so scared, that she fell down over a rock and many others following her closely fell over her. Me, the remaining friends and my mom started laughing when we ensured that no one was hurt and noticed that the puppy wouldn't do anything but was running all the way just to lick us and extend some warmth. When we finally returned back, we told this to the rest of the adults and they started laughing too. Quite a morning.......huh......!! We spent rest of the day - drawing, watching movies, talking, playing indoor games, table tennis at the basement, and having yummy food at regular intervals. I and another friend also did a contest of hairstyles in an Ipad game - it ended in a tie. And after the dinner we did a lot of singing as the adults were also enjoying with 'antakshari' at the dinner table downstairs.



The next day morning started with the same way except that we played a new card game spit. We started a new Science Club - to begin we started a hike to collect rocks and get aquatinted with nature. A lot of us got scratched by twigs, but never mind. Our parents took pictures instead of getting angry. When we returned back to our house, we planned something special for our parents as we did not get scolded in the morning. We wanted to surprise our parents by cooking them something - and so we agreed we were gonna prepare fruit salad. When we started we didn't know where to find the ingredients - we tried to do everything quietly and simultaneously so that no one comes to know that before we are ready. One of the small kids (a naughty boy) spilled a bowl of rice and that made a loud thud.....grrrrrr....... We had to clean that up real quick and had to be real cautious this time - we again went back to our recipe. By the time we finished, the kitchen was a mess. We cleaned the mess and let our parents taste it and that was yummy. It was worth a try.

And now it was time to go back home....alas.... - obviously we were not happy. While coming back we stopped at the river and ate ice-cream and some light snacks. We hope that next time we can play more games, some more events and never say "that's enough". Even though I didn't want to, I had to say goodbye to Adirondacks, so that I can go back to school and plan for another great vacation the next time.

Adios Adirondacks and See you in school tomorrow Friends.....

~~ শহীদ ~~

- সায়ন্তন দত্ত

এক মিনিটের নীরবতা, মোমবাতিজ্বালা মৌন মিছিল,
কয়েকটা দিন লোকের মুখেমুখে, সংবাদ শিরনামে।
ক্ষতিপূরণের একচিলতে নোট,
"বলো বীর বলো উন্নত মম শির"; —
এক লাইনের স্লোগান দিলাম তোমায়।
কান্নাকাটি থাক তোলা থাক তাকে,
ব্যস্ত জীবন, ছোট্ট News Feed,
ব্যস এটুকুই — আর কতো কি চাও ?
ছুটছে শহর এইটুকু শুধু দেবে।

দেশের জন্য প্রাণ দিলে সৈনিক,
সকল ত্যাগ কি বৃথা গেল আজ সবে ?

নীল আকাশে দেখেছো চিলের তারায় ?
ধরা দেবে আসমুদ্র হিমাচল।
অনেক দূরে পাহাড় যেথায় মেলা,
ঘাসের স্পর্ষে শিশির মূর্ছা যায়।
আঁকা বাঁকা লাল মাটির পথে,
সূর্য্য যেথা সাঁকোয় অস্ত যায়।
ছোট্ট ছেলের চোখের কোণে জল,
ভেজা পাতায়, চোয়ালখানি ঝোলা।
এক মুঠো আজ শুকনো মাটির ছোঁয়া,
তার কপালে তিলক হয়ে জ্বলে।

ঝাঁঝরা বুলেট ছিন্ন দেহখানি,
কফিন ঢাকা জাতির অহংকারে।
এসেছ শহীদ এসেছ সগৌরবে,
তোমার ঘরে, তোমার ছেলের কাঁধে চড়ে।
সবাই হেথায় আকন্ঠ যে চেনে,
তোমার পাড়ায় তুমিই জাতিশ্বর।
বীরের গাথা রচিত হয়েছে কবে,
শিশু-যুবক অনুপ্রাণিতসব।

জোনাকি আলোয় ঘুমতে গেল গ্রাম,
গাছের কোঠরে জেগে থাকো শুধু তুমি।
রাত পোহালেই নতুন সূর্য্যতারা,
চোখের জলে ভাসিয়েছিল যারা,
গ্রাম থেকে গ্রাম নতুন মুখের জেদে,
নতুন সেনা আবার পাড়ি দেবে।
শহর ভুলবে নতুন উপেক্ষায়,
এ গ্রাম তবু রবে চিরপ্রতীক্ষায়।

গাছের কোঠরে জেগে থাকবে বীর,
বল বীর বল উন্নত মম শির॥

~~ নতুন সুর ~~

- ঋতজা রায়চৌধুরী চক্রবর্তী

দিনের শেষে, কখন এসে
দাঁড়ানো এক শহর
জানায় আমাকে উষ্ণ আমন্ত্রন
তার নিজ অভিজ্ঞতায়।

দেখা গেল এক অজানা সাগর,
ছিল না যার কোনো খবর,
ছিল ডুবে সে শতক ধরে,
অজানা কোন্ সুখের ঘরে।

হঠাৎ এক দমকা হাওয়া
নিভিয়ে সব চাওয়া পাওয়া
দেখা দিল সে নতুন করে
একটি সুরের বাঁধন ধরে।

শুনিনি যারে আমি আগে,
শুনবো তারে নতুন করে
চলবো তাহার হাতটি ধরে
শিখবো তারই নতুন সুরে
নতুন গানের খবর।

দিনের শেষে, কখন এসে
দাঁড়ানো এক শহর...



# নিন্দিত রবীন্দ্রনাথ

পার্থ ঘোষ

রবীন্দ্রনাথের ৭০তম জন্মদিনে বিভিন্ন নামকরা মানুষের লেখা সম্বলিত একটি বই বেরিয়েছিল এবং তাঁকে বিশেষ সম্বর্ধনা দেওয়ার কথা বলা হয়েছিল। তাতে রবীন্দ্র-বিদ্বেষী বেশ কিছু মানুষ আপত্তি জানিয়েছিলেন। তাঁদের বক্তব্য ছিল কেবলমাত্র রবীন্দ্রনাথ কেন? আরও অনেক সাহিত্যিকের ৭০ বছর পেরিয়েছে। তাঁদের নিয়ে তো এমন কান্ড কখনও করা হয়নি?

আসলে বেশ কিছু মানুষ রবীন্দ্রনাথের এই প্রচন্ড খ্যাতি আর জনপ্রিয়তাকে সহ্য করতে পারতেন না। আমরা মনে করি রবীন্দ্রনাথ কী সুখী মানুষই ছিলেন! দেশের মানুষ তাঁকে কত ভালবাসা আর সম্মান জানিয়েছেন। দেশ কেন, বিদেশ থেকেও তিনি কত সম্মান ভালবাসা পেয়েছেন। আসলে ব্যাপারটা ঠিক উল্টো। সারা জীবন রবীন্দ্রনাথকে অনেক অবহেলা, অসম্মান, নিন্দা এবং অপমান সহ্য করতে হয়েছিল।

প্রথমতঃ পারিবারিক একটা প্রতিবন্ধকতা তো ছিলই। রবীন্দ্রনাথের ছোটবেলাতেই তাঁর বাবা ব্রাহ্মধর্ম গ্রহন করেছিলেন এবং তাঁর থেকেও বড় কথা তিনি তাঁর বাড়ির দীর্ঘদিনের পারিবারিক সব পুজো বন্ধ করেছিলেন। কারন তিনি মূর্তি পুজোর বিরোধী ছিলেন। ২০০ বছরের সাবেক কালের দুর্গাপুজো, জগদ্ধাত্রী পুজো, দোলযাত্রা, রাসমেলা, সরস্বতী পুজো এমনকি বাড়ির লক্ষীজনার্দনের নিত্য পুজোও বন্ধ করেছিলেন। শুধু তাই নয়, বাবার অর্থাৎ দ্বারকানাথ ঠাকুরের মৃত্যুর পর তাঁর শ্রাদ্ধও হিন্দু মতে করেননি। বিশিষ্টজনেরা শ্রাদ্ধের দিন এসে দেখেন, শ্রাদ্ধের কোনো ব্যবস্থাই নেই। অবাক তো হয়েইছিলেন, কেউ কেউ অপমানিত বোধ করে ঐ বাড়ি ত্যাগ করে চলে যান। বাড়ির অন্য শরিকরাও যে আনন্দের সাথে এ ব্যবস্থা মেনে নিয়েছিলেন ঠিক তা নয়। একটা চাপা ক্ষোভ অনেকের মধ্যেই ছিল।

১৮৮৬ খৃষ্টাব্দে আশুতোষ চৌধুরীর সম্পাদনায় 'কড়ি ও কোমল' কাব্যগ্রন্থ প্রকাশিত হয়। সে সময় নিন্দুকের দল উঠে পড়ে গেল তাঁর লেখার নিন্দা করতে। এই সময়ে 'রবি রাহু শর্মা' নামে এক সমালোচক খড়্গহস্ত হয়ে গালাগালি দিতে লাগলেন। এই ভদ্রলোকটির আসল নাম কালীপ্রসন্ন কাব্যবিশারদ। রবীন্দ্রনাথকে ব্যঙ্গ করে রবিরাহু নামে একটা কবিতা লিখে ফেললেন। আরেক কবি দেবেন্দ্রনাথ সেন, 'কাকাতুয়া দেবশর্মা' নাম নিয়ে রবীন্দ্রনাথের নিন্দা করার জন্য সাহিত্যের আসরে নামলেন। কালীপ্রসন্ন লিখলেন 'মিঠে কড়া' নামক কবিতা গ্রন্থ।

কালীপ্রসন্ন ছিলেন সেকালের এক নামকরা সাংবাদিক। তিনি বারো বছর ধরে 'হিতবাদি' নামক এক পত্রিকার সম্পাদনা করেছিলেন এবং সাহিত্যের দরবারে তার বেশ ভালোরকম খ্যাতিও হয়েছিল। সালটা ছিল ১৮৮৮। মাস এপ্রিল। কালীপ্রসন্ন কাব্যবিশারদ 'কড়ি ও কোমল' কে ব্যঙ্গ করে 'মিঠে কড়া' নাম দিয়ে কবিতাগুচ্ছ প্রকাশ করলেন। কয়েকটি ছত্র উদাহরন দিই:

"ঠাকুর রবীন্দ্রনাথ বঙ্গের আদর্শ কবি,
শিখেছি তাহারি দেখে তোরা কেউ কবি হবি?
আয় তোরা কে দেখতে যাবি
ঠাকুর বাড়ির মস্ত এক কবি
হায়রে কপাল হায়রে অর্থ
যার নাই তার সকল ব্যর্থ।
উড়িস নে রে পায়রা কবি
খোপের ভেতর থাক ঢাকা
তোর বক-বকম আর ফোঁসফোঁসানি
তাও কবিত্বের ভাব মাখা
তাও ছাপালি, গ্রন্থ হল
নগদ মূল্য এক টাকা।"

সেই সময়ে রবীন্দ্রনাথের ছোটগল্প অন্য দিগন্ত রচনা করল। অসাধারন সেই গল্পগুলির কুৎসিত সমালোচনা শুরু হল। সমালোচনায় বলা হল, "গল্পগুলি শক্ত ও নিস্প্রাণ, ধোঁয়াটেও বটে। রবি বাবু এই গল্পগুলির মধ্যে দিয়ে কী বলতে চাইছেন তা তো ধরাই মুশকিল। সাধারন পাঠক বুঝবেই না; হ্যাঁ, গম্ভীর গল্পে মহৎ ভাব মহৎ চরিত্র থাকা উচিৎ, তাই বা কোথায়? এই ধরনের গল্প লিখে সময় নষ্ট ও হিতবাদির পাতা নষ্ট করে কি লাভ? হাসির গল্প লেখাতেও কোনো বাধা নেই। তবে সেই হাসির ব্যাপার-স্যাপার গুলো বেশ মোটা দাগের হওয়া উচিত। সব ধরনের পাঠকের বোধগম্য হওয়া চাই তো।" রবীন্দ্রনাথ এই পত্রে খুব দুঃখ পেয়েছিলেন। 'হিতবাদ' সম্পর্কে তার মনের চাপা ক্ষোভ ফুটে উঠেছে 'লেখার নমুনা' আর 'প্রাচীন প্রত্নতত্ত্ব' প্রবন্ধে। আসলে এই সমালোচকরা রবীন্দ্রনাথের গল্প ভালো করে পড়েননি এবং তাঁর গল্পগুলিকে অবাস্তব বলে প্রচার করেছেন। তাঁদের বক্তব্য ছিল যে রবীন্দ্রনাথ তো শুধু কল্পনায় ভেসে ভেসে বেরিয়েছেন। আসলে ওঁর ব্যক্তিজীবনে কোনো struggle নেই। হাতে সবসময় প্রচুর সময়। মনে প্রানে উদ্ভট কবি। তার উপর আবার জমিদার মানুষ। তাই তার ছোটগল্পের চরিত্র গুলো আদৌ বিশ্বাসযোগ্য নয়। প্রখ্যাত মানুষ বিপিনচন্দ্র পাল আরেক উক্তি করেছেন, - "রবিবাবুর ছোটগল্পে আরও কিছু বাস্তবতা আছে। কিন্তু সাধারন মানুষের দুঃখ দুর্দশার ছবিটা গোড়াতেই আসলে ফাঁকি। রবিবাবু নিজের জীবনে তো সেগুলি প্রত্যক্ষ করেননি, শুধু আরাম ভোগবিলাসের মধ্যে, কল্পনায় সাধারন মানুষের জীবনের চেহারা দেখেছেন। তাই গল্পগুলি মেকি, মিথ্যাচার ও ভন্ডামিতে ভরা।" রবীন্দ্রনাথের ছোটগল্প গুলি যে অসাধারন সৃষ্টি তা তাঁরা বুঝে উঠতে পারেননি। তাই তাদের বক্তব্য, "রবিবাবু স্রেফ পোজ বা স্টাইল সর্বস্ব করে চালাকিতে পাঠককে ঠকাচ্ছেন।"

রবীন্দ্রনাথের গল্পের একজন বিশেষ সমালোচক ছিলেন সুরেশচন্দ্র সমাজপতি। সুরেশচন্দ্র সমাজপতি জন্মেছিলেন ১৮৭০ খৃষ্টাব্দে। পত্রিকা সম্পাদনা ছিল তাঁর একটা নেশা। ব্যক্তিজীবনে ইনি বিদ্যাসাগরের নাতি। তাঁর মা হেমলতা দেবী ছিলেন বিদ্যাসাগরের বড় মেয়ে। সুরেশচন্দ্রের বাবার নাম গোপালচন্দ্র ঘোষাল। সমাজপতি এঁদের পাওয়া উপাধি। একজন মানুষ সারা জীবন রবীন্দ্রনাথের নিন্দা করে বিখ্যাত হয়ে গেলেন। অবশ্য আজকের সাহিত্য সমাজ তাকে সমর্থন তো করেই না, বরং তিনি ঠাট্টা-তামাশার পাত্র মাত্র। কিন্তু কেন যে তাঁর রবীন্দ্রনাথের প্রতি বিদ্বেষ, তা আজও স্পষ্ট নয়। কোনো কোনো জায়গায় রবীন্দ্রনাথের সুখ্যাতি দু'একবার করেছেন, কিন্তু তা না করারই মতো। তাঁর সাহিত্য পত্রিকায় প্রবন্ধের নির্বাচনের ব্যাপারে তিনি খুঁতখুঁতে ছিলেন। বহু লেখা ছাপতেন না। কিন্তু রবীন্দ্রনাথের নিন্দা করে কেউ যদি অতি নিম্নমানের লেখা পাঠাতো, তা ছাপা হতই। রবীন্দ্রনাথের জনপ্রিয়তা তিনি সহ্য করতে পারতেন না।

দেখে নেওয়া যাক, রবীন্দ্রনাথের কোন্ কোন্ গল্প সম্পর্কে সুরেশচন্দ্র সমাজপতির এতো রাগ। সাহিত্য, দ্বিতীয় বর্ষ, নবম সংখ্যা, পৌষ, ১২৯৮ এ লেখা হল - "আমরা রবীন্দ্র বাবুর 'খোকাবাবুর প্রত্যাবর্তন' পরিতে আরম্ভ করিয়া যেমন আমোদ পাইয়াছি, উপসংহারে তেমনই নিরাশ হইয়াছি। এই গল্পটির আরম্ভ-ভাগ অতি মনোরম, বেশ স্বাভাবিক। ইহার প্রাঞ্জল ভাষা ও সহজ অলঙ্কার গল্পটিকে আরও মনোহর করিয়া তুলিয়াছে। আদুরে খোকার খামখেয়ালি মেজাজ কেমন স্বাভাবিক। কিন্তু যখন রাইচরন নিজের বুড়ো খোকাটিকে মুন্সেফ বাবুর সেই আদুরে খোকা বলিয়া আনিয়া দিতেছে, তখন আমাদের কেমন অস্বাভাবিক বোধ হয়। মুন্সেফ বাবু যেন গল্প সমাপ্ত করিবার জন্যেই সন্দেহ, সংশয় জলাঞ্জলি দিয়া পরের ছেলেকে নিজের বলিয়া গ্রহণ করিতেছেন। এইজন্য গল্পটি কেমন অঙ্গহীন, কষ্টকল্পিত বলিয়া বোধ হইতেছে।"

সাহিত্য, চতুর্থ বর্ষ, পঞ্চম সংখ্যায় রবীন্দ্রনাথ ঠাকুরের একটি গল্প 'শাস্তি'। সমালোচনা হয়েছে, "গল্প লিখিয়া কাহাকে শাস্তি দিতে চাহেন বুঝিতে পারিলাম না। যদি পাঠককে শাস্তি দেওয়াই তাঁহার লক্ষ্য হয় তাহা হইলে তাঁহার উদ্দেশ্য সম্পূর্ণ সিদ্ধ হইয়াছে।" কালজয়ী আরেকটি গল্পের কথা বলি। গল্পটি বেরিয়েছিল সাহিত্য পত্রিকায় চতুর্থ বর্ষ অষ্টম সংখ্যায়, অগ্রাণ, ১৩০০। গল্পটির নাম 'সমাপ্তি'। পরে এই গল্পটি নিয়ে বিশ্ববরেণ্য চিত্র পরিচালক সত্যজিৎ রায় অসামান্য চলচ্চিত্র নির্মাণ করেছেন। "স্বামীর প্রতি চিরবিরূপ মৃন্ময়ী কেমন করিয়া সহসা পতিপ্রেমাঙ্খিনী হইল, গল্পে তাহার তথ্য পাওয়া যায় না। লেখককে প্রতি পদে কেন কেন করিয়া বিরক্ত করিতে পাঠকের স্বাভাবিক ইচ্ছা হইয়া থাকে তাহা আশ্চর্য হইবার মতো? রবীন্দ্র বাবু যদি কারণ ও ঘটনার সন্নিবেশ করিয়া মৃন্ময়ীর হৃদয়ের এই পরিবর্তন দেখাইতে পারিতেন তাহা হইলে তাঁর গল্প সর্বাঙ্গ সুন্দর হইত। মৃন্ময়ীর হৃদয়ে পরিবর্তন লেখক সহসা স্বয়ং করিয়া দেওয়াতে গল্পটির মাঝখানটা কেমন খাপছারা আর অতৃপ্তিকর হইয়া গিয়াছে। গল্পটি ভালো প্রচেষ্টা হইলেও সর্বাঙ্গ সুন্দর হয় নাই। আমাদের উপদেশ হইতেছে উনি ছোটগল্প না লিখিয়া বরং কিছু ভালো কাব্য লিখুন।" তাঁর আরেক গল্পের কথা উল্লেখ করিতেছি। 'নিশীথে' - একটি ক্ষুদ্র গল্প। গল্পটির আখ্যান কৌশল অকিঞ্চিৎকর এবং ভাষার সৌন্দর্যে, বর্ণনার ঐশ্বর্যে গল্পটির প্রতি চিত্ত আকৃষ্ট হয় কিন্তু দুঃখের বিষয় এই যে এমন ভাষা এমন অলঙ্কার নিরর্থক ব্যয়িত হইয়াছে। লেখকের গল্পকৌশলের অভাবে এবং স্বভাব-সঙ্গতির দিকে দৃষ্টি না থাকায় গল্পটির মুন্ডপাত হইয়াছে। কিন্তু তাহার বর্ণনা ভঙ্গী ও সৌন্দর্য সৃষ্টির প্রশংসা করিতে হয়।" আরেকটি গল্পের কথা উল্লেখ করি। গল্পটি বেরিয়েছিল সাহিত্য পত্রিকার নবম বর্ষে দশম সংখ্যা ১৩০৫ মাঘ সংখ্যায়। গল্পটির নাম 'মণিহারা'। সমালোচনা হল - "এটি একটি ক্ষুদ্র গল্প। আখ্যান বস্তু বৈচিত্রহীন। যে মাষ্টারের মুখে লেখক গল্পটির অবতারণা করিয়াছেন, সেই চরিত্রটির সঙ্গে মূল গল্পের কোনো সম্পর্ক নাই। গল্পে অবান্তর চরিত্রটি রেখাচিত্রে লেখকের সূক্ষ্ম পর্যবেক্ষণ শক্তির ও যথাযথ অঙ্কন নিপুনতার পরিচয় আছে। গল্পটির উপসংহার ঠিকমতো হল না।" এই হল রবীন্দ্রনাথের ছোটগল্পের সেকালের কিছু সমালোচনা। সমসাময়িক কালের বিশ্বের অন্যতম সাহিত্যকীর্তি সম্পর্কে সেকালের সমালোচকদের ব্যর্থ মূল্যায়ন রবীন্দ্রনাথের সৃষ্টিকে অবশ্যই বিন্দুমাত্র ক্ষুণ্ণ করতে পারেনি।

প্রখ্যাত সাহিত্যিক হেমেন্দ্রপ্রসাদ ঘোষ ঠাকুর বাড়ির অন্দরমহল কে নিয়ে নিজের মনগড়া একটি উপন্যাস লিখে হইচই ফেলে দিয়েছিলেন। বইটি ছিল একান্ত ব্যক্তিগত কুৎসা ও রবীন্দ্রনাথের চরিত্রহনন ও তার বংশে কালি মাখানোর চেষ্টা। নিম্নরুচি রসিকমহলে বইটি অত্যন্ত সুখাদ্য হয়ে উঠল। ১৮৯৯ খৃষ্টাব্দের জুন মাসের সাহিত্য সংখ্যায় 'প্রণয়ের পরিণাম' নামে বড় কাহিনীটি ছাপানো হল। ঠাকুর বাড়িকে নিয়ে এমন রগরগে নোংরা গল্প ছড়িয়ে ছিটিয়ে পরলেও সাহিত্যের ইতিহাস তাকে স্থান দেয়নি। রবীন্দ্রকুৎসায় এটি একটি মাইলষ্টোন হয়ে থাকলো। এ সম্পর্কে রবীন্দ্রনাথ লিখেছেন ২১শে জুন ১৮৯৯ শিলাইদহ থেকে একটি চিঠি - "ক্ষুব্ধ আত্মীয়দের পত্রে সংবাদ পাইলাম যে সাহিত্যের কোন গল্পে আমাকে অত্যন্ত কুৎসিত আক্রমন করা হইয়াছে। এ সম্বন্ধে যদি তোমার কোন বনুধকৃত্য করিবার থাকে তো করিবে।" চিঠিখানি তিনি লিখেছিলেন প্রিয় বনুধ প্রিয়নাথ সেনকে। রবীন্দ্রনাথের এই অপমান সেদিন এক তরুন সাহিত্যিক বরদাস্ত করতে পারেননি। তিনি কবির চেয়ে ১২ বছরের ছোট ছিলেন। তাঁর নাম প্রভাতকুমার মুখোপাধ্যায়। 'প্রণয়ের পরিণাম' পড়ে ক্ষোভে ফেটে পড়া এই তরুণ 'প্রদীপ' নামে একটি পত্রিকায় কবিতায় একটি প্রতিবাদপত্র পাঠিয়েছিলেন। কবিতাটির শিরোনাম - 'একটি কুক্কুরের প্রতি'।

চিরদিন পৃথিবীতে আছিলো প্রবাদ
কুকুর চীৎকার করে চন্দ্রোদয় দেখে
আজি এ কলির শেষে অপরূপ একি
কুক্কুরের মতিভ্রম বিষম প্রমাদ
চিরদিন চন্দ্রপানে চাহিয়া চাহিয়া

এতোদিনে কুকুকর কি হইল পাগল
ভাসিছে 'নবীন রবি' নভঃ উজলিয়া
তাহে কেন কুকুকরের পরাণ বিকল?
নাড়িয়া লাঙ্গুল খানি ঊর্ধ্বপানে চাহি
ঘেউ ঘেউ ভেউ ভেউ মরে ফুকারিয়া
তবু তো রবির আলো ম্লান হল নাহি
নাহি হল অন্ধকার জগতের হিয়া।
হে 'কুকুকর ঘোষ' কেন আক্রোশ নিস্ফল
অতি ঊর্ধ্বে পৌছে কেন কন্ঠ ক্ষীনবল?

বেশ বোঝা যাচ্ছে কুকুকর ঘোষ বলতে হেমেন্দ্রপ্রসাদ কে লক্ষ করা হয়েছে। সেই সময় রবীন্দ্র বিদ্বেষীদের মধ্যে অনেকে বলেছিলেন যে হেমেন্দ্রবাবু তো কারও নাম উল্লেখ করে গালাগাল দেননি। তবে রবি বাবু ও তার চেলাদের এতো গাত্রদাহ কেন?

আসলে রবীন্দ্রনাথ কে বোঝার মতো ক্ষমতা এদের কারো ছিল না। এইভাবে এই সমালোচকের দল পরবর্তিকালে রবীন্দ্রনাথ যা লিখেছেন তাই নিয়েই বিদ্রূপ আর গায়ে পরে ঝগড়া লাগানোর চেষ্টা করে গিয়েছেন। যেমন 'নষ্টনীড়','চোখের বালি'-র উদ্ভট সমালোচনা পরলে বোঝা যায় যে কত অগভীর চিন্তাধারা এবং সৃথল রুচি নিয়ে তারা রবীন্দ্রনাথ কে বিচার করেছিলেন।

কবিতার বিচারের উদাহরন দিই। রবীন্দ্রনাথ একটি কবিতা লিখলেন, - 'শেষ খেয়া', ১৩৯২ বঙ্গাব্দে।

"ঘরে যারা যাবার তারা কখন গেছে ঘর পানে,
পারে যারা যাবার গেছে পারে;
ঘরেও নহে, পারেও নহে, যে জন আছে মাঝখানে
সন্ধ্যাবেলা কে ডেকে নেয় তারে।"

কালজয়ী এই বিখ্যাত কবিতাটি, জনপ্রিয় এই কবিতাটির সেকালের সমালোচকদের হাতে পরে কি দশা হোল জানেন? পত্রিকা থেকে উদৃধতি তুলে দিই।

"ঠিক অর্থহীন হেয়ালির মতো মনে হয়। আমরা রবীন্দ্রনাথের এই কবিতার মর্ম গ্রহণ করিতে পারিলাম না। বোধ করি রচয়িতা ভিন্ন আর কেহ এই গোলকধাঁধার ব্যূহভেদ করিতে পারিবেন না।"

আবার দেখুন রবীন্দ্রনাথের একটি কবিতায় -
"দিকে দিগন্তে যত আনন্দ
লভিয়াছে এক গভীর গন্ধ"

এই ছত্রে সমালোচনা হয়েছে - "এই সব লেখা হইতে পারে অত্যন্ত মৌলিক কিন্তু সম্পূর্ণ অর্থহীন। 'আনন্দের গভীর গন্ধ 'বোধ করি আকাশকুসুমের সৌরভের মত। প্রতিভাশালী কবি ভিন্ন অন্য কাহারও বোধগম্য নয়। রবীন্দ্রবাবু অনেক লিখিয়াছেন ,অনেক ছাপিয়েছেন ,অনেক গাইয়াছেন; এখনও যে তিনি যা -তা ছাপাইবার লোভ সংবরণ করিতে পারেন না ,ইহা আমাদের বিচিত্র বলিয়া বোধ হয়। নাবালক কবিসুলভ কবিত্ব কন্ডুতি লব্ধপ্রতিষ্ঠ কবির পক্ষে নিতান্ত অশোভন। সে দৃষ্টান্ত সাহিত্যের পক্ষে অত্যন্ত অপকারী। রবীন্দ্রবাবুর মত প্রতিভাশালী লেখকও যদি বুঝতে না পারেন তাহা হইলে আমরা নাচার। " আর এক সমালোচক রবীন্দ্রনাথের একটি গানের বিষয়ে লিখেছেন ,"যে বিনিদ্র রজনীর বর্ণনা করিয়াছেন তাহা ভয়ঙ্কর। তখন বিশ্ব নিদ্রামগ্ন। অকস্মাৎ কে কবির বীণায় ঝংকার দিল এবং 'নয়নে ঘুম নিল কেড়ে।' -- -- -- তারপর কবি শয়ন ছেড়ে উঠিয়া বসিলেন। 'আঁখি মেলি চেয়ে থাকি 'তার দেখা পাইলেন না। কবি যে অবস্থার বর্ণনা করিয়াছেন তাহা ভুক্তভোগী ব্যতীত আর কেহ বুঝিতে পারিবে না। এ রোগ ! এ রোগে আঁখি মেলিয়া সারারাত্রি চাহিয়া থাকিতে হয়। কিন্তু ঘুমের দেখা পাওয়া যায় না। ইহা insomnia অর্থাৎ অনিদ্রা রোগের কথা।"

এইসব সমালোচকদের হাতে পড়ে রবীন্দ্রনাথের কী দশা ! এখানেই শেষ নয়। আর এক জায়গায় লিখেছেন - "কিন্তু কবির insomnia বন্ধ্যা হইতে পারে তাই তাঁর 'গুঞ্জরিয়া গুঞ্জরিয়া' প্রাণ উঠিল পুরে। অথচ কোন 'বিপুল বাণী ব্যাকুল সুরে' বাজিতে লাগিল তাহা কী বুঝিতে পারিলেন না।"

"দাঁড়িয়ে আছ তুমি আমার গানের ওপারে
আমার সুরগুলি পায় চরণ আমি পাই নে তোমারে।"

রবীন্দ্রনাথের এই বিখ্যাত গানটির সমালোচনা করা হয়েছে , "এতগুলি চরণ সত্ত্বেও গানটি যে খোঁড়া হইয়াছে তাহা হইতেই সব প্রমাণ হইতেছে। সুরগুলি চরণ পাইবামাত্র তাহাদিগকে ব্রহ্মসংগীতের ময়দানে ছাড়িয়া দিলেও কোনো লাভ নাই।" আবার "তুমি এত আলো জ্বালিয়াছ এই গগনে "গানটির সমালোচনা হয়েছে , "এই গানটির আদৌ জগতের আলো না দেখিলেও কোনো ক্ষতি ছিল না।"

১৯২০ সাল। রবীন্দ্রনাথ মুক্তকণ্ঠে দ্বীজেন্দ্রলালের 'মন্ত্র ' বইটির ভূয়সী প্রশংসা করলেন - এত প্রশংসা খুব কম কবিকেই তিনি করেছেন। তিনি সুখ্যাতি করলেন বইটির বিষয়বস্তু ,ছন্দ ,ভাষা এবং তাঁর শুভ প্রচেষ্টাকে। সব চেয়ে বেশি করে তুলে ধরলেন তাঁর কাব্যে বলিষ্ঠ পৌরুষকে। ভক্তের দল হাতে চাঁদ পেলেন। তাঁরা তো এতদিন বলে বেড়াতেন যে রবীন্দ্রনাথের কাব্য মেয়েলি ন্যাকামোতে ভর্তি। তাঁর লেখা দেশের যুবসমাজকে নির্জীব , মেরুদণ্ডহীন একটি ক্লিব তৈরী করেছে। সে ক্ষেত্রে তিনি যুবসমাজকে দৃপ্ত হতে বলেছেন। তাই দ্বিজেন্দ্রলাল রবীন্দ্রনাথের থেকেও বড় কবি। সাহিত্যিক পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায় লিখেছেন, "অবশ্য রবিবাবু প্রকারন্তরে স্বীকার করেই নিয়েছেন যে তাঁর নিজের লেখা মেয়েলি ও দ্বিজেন্দ্রলালের লেখা ঋজু - পুরুষালি। তাঁর অধিকাংশ রচনায় ঢলাঢলি ভাব ও মেয়েলিপনা ফুটিয়াছে উহাতে ন্যাকামিও যথেষ্ট রহিয়াছে। " আসলে রবীন্দ্রনাথের রোম্যান্টিক ভাবনা ও গভীরতা ,সৌন্দর্য -কল্পনা এবং জীবন থেকে উত্তরণের এই অধ্যাত্বভাবনা তাঁদের মধ্যে ছিল না। তাঁর দুর্ভাগ্য তিনি এমন একটা যুগে জন্মেছিলেন যেখানে মানুষ শুধু সংস্কারে, গ্রাম্য ধর্মীয় বিশ্বাসে আচ্ছন্ন ,যেখানে মুক্ত বাতাস নিষিদ্ধ। কিন্তু কবি অল্পবয়সেই  পাশ্চাত্য জগতের সঙ্গে পরিচিত এবং ব্রাম্মধর্মের উদার আকাশকে ছুঁতে চেয়েছেন। সেকালের সমাজ কেমন ছিল তার কিছুটা সামাজিক চিত্র খুঁজে পাওয়া যাবে ভবানীচরণ বন্দোপাধ্যায় এর ' নববাবু বিলাস 'ও  'নববিবি বিলাস ' এই দুটি বইতে। সেখানে দেখা যাচ্ছে , মা -বাবা অত্যন্ত চিন্তিত -" ছেলের বয়স হল অনেকটা। গোঁফের রেখা দেখা দিচ্ছে। কিন্তু এখনো মদ ধরলো না। বাঈজী বাড়ী যাবার নাম করছে না। লোকের কাছে মুখ দেখাতেও লজ্জা করছে।" এই ছিল উচ্চবিত্ত সমাজের চিত্র।

সেই যুগে রবীন্দ্রনাথ সাহিত্যের যে রস সৃষ্টি করেছিলেন ,তা সত্যিই দুঃসাহসিক। তিনি যদি সমালোচকদের কথায় ভয় পেয়ে তাঁদের মতো সাহিত্য রচনা করতেন তো আমরা সত্যিকারের রবীন্দ্রনাথকে পেতাম না। তিনি বলতেন ---"আমাকে ঐ লেখার কথা ,ওদের সমালোচনার  কথা শুনিও না। "

রবীন্দ্রনাথের অমর কালজয়ী সাহিত্যের এক দৃষ্টান্তকে  দ্বিজেন্দ্রলাল রায় কি জঘণ্য ভাবে চিত্রিত করেছেন তা পড়ে বিস্মিত হতে হয়।

"রবীন্দ্রনাথ অর্জুনকে কিরূপ  জঘন্য  পশু চিত্রিত করিয়াছেন দেখুন। একজন যে কোনো ভদ্র সন্তান এরূপ করিলে তাহাকে আমরা একাসনে বসিতে দিতাম  না। অর্জুন একজন কুমারীর ধর্ম নষ্ট করিলেন। বর্ষকাল ধরিয়া একটি ভদ্রমহিলাকে সম্ভোগ করিলেন। আর তিনি যে সে ব্যাক্তি নহেন। তিনি অর্জুন। রাজপুত্র। .....রবীন্দ্রবাবুর হাতে পড়িয়া অনায়াসে একটি রাজকন্যার ধর্ম নাশ করিলেন। "আর এক জায়গায় লিখেছেন ,"আমি চিত্রাঙ্গদার সমালোচনা করিতে বসি নাই। ইহার ভাষা সুন্দর ও মধুর ছন্দোবদ্ধ। মাইকেলের পর এতো অমিত্রাক্ষর আর বোধহয় কেহই লিখিতে পারেন নাই। তথাপি এ পুস্তকখানি দগ্ধ করা উচিত। " রবীন্দ্রনাথের সমালোচনা করিতে গেলে বাংলা কাব্য খুলিলেই ' দুজনে দেখা হল ','প্রতি অঙ্গ কাঁদে ,' 'সে চারু বদন , রচেছি শয়ন '- শুধু এই  ই পাওয়া যায়। পবিত্র প্রেম ,যাহার মূলে সম্ভোগ নহে ,যাহার মূলে স্বার্থত্যাগ - সে প্রেম কি তাঁহার তিনটি কবিতায়ও  আছে ? ' সোনার তরী 'কবিতার সমালোচনার  উল্লেখ করা যায়।  কবি  নিজেই  লিখেছেন , ' সোনার তরী ' আমার প্রথম রোম্যান্টিক কাব্যগুচ্ছ। সাহিত্যের ভাষায় এই রোম্যান্টিক শব্দটির অর্থ শুদু প্রেম নয়। একের মধ্যে বহুকে খুঁজে পাওয়াই রোম্যান্টিকতা। আর বহুর মধ্যে এক-কে খুঁজে পাওয়া হলো ' মিষ্টিক। ' এই 'সোনার তরী ' কাব্যের বিখ্যাত কবিতা ' গগনে গরজে মেঘ ঘন বরষা। 'এ কবিতা সকলের ই জানা। এর একটি চরণ ' কাটিতে কাটিতে ধান এল বরষা। ' দ্বিজেন্দ্রলাল  এ কবিতার সমালোচনায় লিখেছেন ," রবিবাবু বলিতে পারেন বাংলা দেশের কোন চাষা বর্ষার আগে ধান কাটিয়া ফেলে ?অবশ্য আপনি বলিবেন ইহার মধ্যে একটি গভীর তত্ত্ব লুকাইয়া আছে।  আপনি তো সোনার চামচ মুখে দিয়া জম্মাইয়াছেন।  বাস করিয়াছেন রাজপ্রাসাদে , চাষ করিতে কখনো মাঠে নামেন নাই। আসলে ইহা একটি কবিতাই হয় নাই। "

এই প্রসঙ্গে একটা কথা বলি। এক সময় কিন্তু ঠাকুরবাড়ি সম্পর্কে দ্বিজেন্দ্রলালের এই মনোভাব ছিল না।  যথেষ্ঠ ঘনিষ্ঠতা ছিল। কিছু স্তাবক দ্বিজেন্দ্রলালের কান ভাঙ্গিয়ে রবীন্দ্রনাথের নিন্দে করে তাঁকে খুশি করার চেষ্টা করতেন। সরল মানুষ দ্বিজেন্দ্রলাল দিনের পর দিন এই সব শুনে শুনে মানসিক দিক থেকে পাল্টাতে শুরু করেন।  তবে এক সময় সত্যিই দু -জনের সম্পর্ক এতোই ভালো ছিল যে দ্বিজেন্দ্রলাল কবিতা লিখে ,রবীন্দ্রনাথকে ডিনারের নিমন্ত্রণ করেছেন। তিনি ছিলেন দাপুটে কবি, গীতিকার , গায়ক , সুরকার ও জনপ্রিয় শিল্পী।  নাটকেও অত্যন্ত কৃতী  মানুষ।  একটা সময়ে ব্যক্তিত্বের সংঘাত  দুজনকে দূরে সরিয়ে দিয়েছিলো। অবশ্য রবীন্দ্রনাথ এ সব ব্যাপারে চির -উদাসীন।  তিনি তার রচনাকে প্রতিযোগিতার উপকরণ করে কখনো রচনা করেননি।  পন্ডিত দীনেশচন্দ্র সেনকে একটা চিঠিতে লিখেছেন ," আমার কাব্য সম্বন্ধে দ্বিজেন্দ্রলাল রায় মহাশয় যে সকল অভিমত প্রকাশ করিয়াছেন তাহা লইয়া বাদ -প্রতিবাদ করিবার কোনোই প্রয়োজন নাই।  আমরা বৃথা সকল জিনিসকে বাড়াইয়া দেখিয়া নিজের মধ্যে অশান্তি  ও  বিরোধ সৃষ্টি  করি।  জগতে আমার রচনা খুব একটা গুরুতর ব্যাপার নহে।  তাহার সমালোচনাও  তথৈবচ।  তাছাড়া সাহিত্য সম্বন্ধে তাঁহার যেরূপ মত থাকে থাক না , সে তুচ্ছ  বিষয় লইয়া কলহের সূচনা করিতে হইবে নাকি ? আমার লেখা  দ্বিজেন্দ্রবাবুর ভালো লাগে না। কিন্তু তাঁহার  লেখা আমার ভালো লাগে। এতএব  আমিই তো জিতিয়াছি। "

আর এক জায়গায় চারুচন্দ্র বন্দোপাধ্যায়কে লিখছেন— "তোমরা আমার লেখার শ্রেষ্ঠত্ব প্রতিপন্ন করতে যদি চেষ্টা কর, তবে একদল লোককে আঘাত দেবে। অথচ সে আঘাত দেবার কোন দরকার নেই। কেন না আমার কবিতা তো রয়েইছে। যদি ভাল হয় তো ভালই। যদি ভাল না হয় তো আবর্জনা দূর করবার জন্য ধোলাই খরচ লাগবেনা আপনি নিঃশব্দে সরে যাবে। যতদিন বেঁচে আছি নিজের নাম নিয়ে আর ধুলো ওড়াতে ইচ্ছে করিনে। চতুরদিকে বিদ্বেষের বিষ মথিত করে তুলো না।" রবীন্দ্রনাথকে ছোট করার জন্য দ্বিজেন্দ্রলাল দোষ খুঁজে বেড়াতেন। একবার রবীন্দ্রনাথের কাছে জানতে চাইলেন যে —

১. ঠাকুর পরিবারের লোকেরা এত অহংকারি কেন
২. ঠাকুর বাড়িতে অভিনয়ের সময় রবীন্দ্রনাথের লেখা নাটক কেন বেশি করে অভিনিত হয় ?

৩. আত্মজীবনি লিখতে গিয়ে রবীন্দ্রনাথ এত অহংকার দেখালেন কেন ?

৪. সত্যেন্দ্রনাথ ঠাকুর স্থানে অস্থানে রবীন্দ্রনাথের কবিতা আবৃত্তি করে আডভারটাইস করেন কেন ?

৫. ব্রাহ্মসমাজে ঠাকুর পরিবারের বিভিন্ন ব্যক্তির যেমন দেবেন্দ্রনাথ, দ্বিজেন্দ্রনাথ, সত্যেন্দ্রনাথ ও রবীন্দ্রনাথের লেখা গান বেশি করে গাওয়া হয় কেন ?

সব শেষে লেখেন যে তিনি কারো তোয়াক্কা করেননা।

দ্বিজেন্দ্রলালের মৃত্যু হয় সন্ন্যাস রোগে, আকস্মিক ভাবে৷ শোনা যায় মৃত্যুর আগে রবীন্দ্রনাথের কাছে নিজের কৃতকার্যের জন্যে ক্ষমা চেয়েছিলেন। কিন্তু দুঃখের ঘটনা যে তাঁর লেখা সেই চিঠি জলে ভেসে যাওয়ায় আর পাওয়া যায়নি। তাঁর "সেরিব্রাল হেমারেজ" হয় অর্থাৎ মস্তিস্কে রক্তক্ষরণের জন্য জ্ঞান হারান। সেসময়ে সবাই এসে মাথায় জল ঢালতে শুরু করে। শেই জলে জীবনের শেষ লেখা ওই চিঠি নষ্ট হয়ে যায়। শোনা যায় যে সেই চিঠিতে তিনি রবীন্দ্রনাথের কাছে নিজের কৃতকার্যের জন্যে ক্ষমা চেয়েছিলেন। একথা জানিয়েছেন তাঁর সুযোগ্য পুত্র দিলীপকুমার।

দ্বিজেন্দ্রলাল "আনন্দ বিদায়" নামে একটা প্রহসন লিখেছিলেন রবীন্দ্রনাথকে ব্যাঙ্গ করে। কিন্তু সেইটি অভিনয়ের সময় দর্শকরা স্টেজে উঠে ভাঙচুর করে প্রতিবাদ করে এবং দ্বিজেন্দ্রলালকে অপমান করে।

সেই সময়ে এত সমালোচক দল বেধে "রবিবাবুর" ত্রুটি ধরার জন্য উন্মুখ হয়ে থাকতেন যে, সেই সময়ের সাহিত্যের পাতা খুললেই তা বোঝা যায়।  তাঁদের মধ্যে একজন ছিলেন চন্দ্রনাথ বসু। আজকের ইতিহাসের পাতায় যার নাম খুঁজেই পাওয়া কঠিন।

সেকালের বহু বিখ্যাত মানুষ রবীন্দ্রনাথকে নানাভাবে আক্রমণ করতেন। তাঁরা কিন্তু স্ব-স্ব ক্ষেত্রে রীতিমত বিখ্যাত ছিলেন। যেমন, দেশবন্ধু চিত্তরঞ্জন দাশ। তাঁর সম্পাদনায় "নারায়নী" পত্রিকায় কবির বিরুদ্ধে অনেকে তাঁদের লেখা বেনামে লিখে প্রকাশ করতেন। সাহিত্যিক বুদ্ধদেব বসুও কবির জন্ম শতবার্ষিকির সময় বিদেশের পত্রিকায় রবীন্দ্রনাথের বিরুদ্ধে লিখেছেন যে তাঁর লেখা নাকি ভারতীয় ভাববাদের বক্তব্য নয়। তিনি নাকি আন্তর্জাতিক ভাবনায় দুনম্বর কার্বনকপি। অবশ্য এ বক্তব্যের প্রতিবাদ করেছেন কবি  বিষ্ণু দে। বুদ্ধদেব বাবুর বক্তব্য ছিল "Rabindranath's works are 'European Literature' in the Bengali Language".

সারা জীবন রবীন্দ্রনাথ এইভাবে সমালোচিত হয়েছেন বিশিষ্টজনদের কাছে। তাঁদের মধ্যে ছিলেন সজনীকান্ত দাস। আবশ্য পরবর্তীকালে নিজের ভুল বুঝতে পেরে পরম রবীন্দ্রভক্ত হয়েছিলেন তিনি। সজনীকান্ত দাস তাঁর শনিবারের চিঠি পত্রিকায় লিখেছেন, "যখন কবির ৭০ বছরপূর্তি উৎসবে যাবতীয় সাময়িক পত্র বিশেষ সংখ্যায় কবিকে সম্মানিত করিলেন তখনই আমরা ব্যাজস্তুতির ছলে কঠোর রবীন্দ্র বিদূষণ করিয়া বসিলাম। শ্রী অমল হোম প্রমুখ রবীন্দ্রজয়ন্তীর উদ্যোক্তারা লক্ষ্য হইলেও সরাসরি রবীন্দ্রনাথকেও আঘাত কম করিলাম না। বিশেষ করিয়া তাঁহার ছবিকে 'ছবিতা' আখ্যা দিয়া যে সচিত্র ব্যঙ্গ রচনাটি (আমার রচিত, হেমন্ত চিত্রিত) আমাদের জয়ন্তী সংখ্যায় প্রকাশিত হইল, রবীন্দ্রনাথকে উত্তক্ত্য ও মর্মাহত করিবার পক্ষে তাহাই যথেষ্ট ছিল.... মোটের ওপর আমাদের প্রতিহিংসা পরায়ণতা শালীনতার সীমা ছাড়াইয়া গেল।" (আত্মস্মৃতি)

রবীন্দ্রনাথকে এমন কথাও বলা হয়েছিল যে, তিনি ব্রিটিশের কাছে টাকা খেয়ে 'চার অধ্যায়' লিখেছেন, স্বাধীনতা বিপ্লব কে ছোট করে দেখানোর জন্য। তিনি ব্রিটিশের ধামা-ধরা ছিলেন।

নারীমুক্তি আন্দোলনে 'স্ত্রীর পত্র' এক বলিষ্ঠ উদাহরন। এটি প্রকাশিত হওয়ার পর সমালোচনার ঝড় বয়ে গেল। বলা হল যে তিনি বাংলার কুলবধূকে কুশিক্ষা দিচ্ছেন। ঘর গড়ার নয়, ঘর ভাঙার জন্য। কুলটা নারীর এতো জেদ কিসের? বিপ্লবী বিপিনচন্দ্র পাল 'স্ত্রীর পত্র' কে ব্যঙ্গ করে একটি গল্প লিখলেন -- 'মৃনালের কথা'। তাতে তিনি প্রমান করতে চাইলেন - মৃনাল স্ত্রীর পত্রে যা যা বলেছে তার সংসার সম্বন্ধে সবই মিথ্যে কথা, বানিয়ে বলা। মৃনাল দুশ্চরিত্রা বলেই নিজের স্বার্থের জন্য এই কাজ করেছে। তার অন্য উদ্দেশ্য ছিল। লেখা হয়েছে রবি ঠাকুরই যত অনিষ্টের মূল। ওর লেখা পড়েই ভালো ভালো গৃহস্থ্য বধূ নষ্ট হয়ে যাচ্ছে। নইলে মেয়ে মানুষের ঘটে এতো বুদ্ধি? ছি ছি ছি। স্বামীকে ছেড়ে চলে যেতে তার একটুও বাঁধলো না?

দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরে এলো সাহিত্য ও জীবনে বিবর্তন। এর ঢেউ এসে লাগলো দেশের সাহিত্যে, চিন্তাধারায়। রাজনীতিতে মার্কসবাদ এলো হামাগুড়ি দিয়ে।

এর মধ্যে যোগ দিলেন সাহিত্যিক বুদ্ধদেব বসু। তিনি শিক্ষিত ভারতবাসীর কাছে রবীন্দ্রনাথকে লক্ষ্য করে বোঝাতে চাইলেন যে তাঁর যুগ শেষ হয়ে গেছে। নতুন লেখকদের রবীন্দ্রমোহ কাটিয়ে তাঁর দেখানো পথ থেকে সরে আসতে বললেন : "রবীন্দ্রনাথের অতুলনীয় প্রতিভা আমাদের বুর্জোয়া সংস্কৃতির সমস্ত সৃজনশীল শক্তিকে আত্মস্থ করে তা প্রায় নিঃশেষ করে ফেলেছে। কোন কাব্যে অথবা গদ্যে যাঁরাই তাঁর অনুগামী তাঁরা তাঁকে অন্ধভাবে অনুসরণ করে তাঁদের সাহিত্যকর্মের পরিসমাপ্তি ঘটিয়েছেন -- যে যুগ রবীন্দ্রনাথকে সৃষ্টি করেছে বহুদিন আগেই সে যুগ অতিক্রান্ত হয়েছে।

আরেকজনের মন্তব্য তুলে ধরি। তিনি হলেন আরেক বাঙালী নীরদ চৌধুরী। "দুই রবীন্দ্রনাথ" প্রবন্ধে তিনি লিখেছেন, "নোবেল প্রাইজ পাবার পর রবীন্দ্রনাথ এক উদ্ভট নকল ব্যক্তিত্যের সাজে সজ্জিত হয়ে সঙের অভিনেতায় পরিনত হন। একক, অন্তরমুখীন এমনকি নিন্দার্থে 'কুনো রবীন্দ্রনাথ' ছিলেন দেশী ও বাঙালী রবীন্দ্রনাথ। কিন্তু নোবেল প্রাইজ পাবার পর হইতে তাঁহার জীবন দ্বিতীয় একটা খাতে বহিতে আরম্ভ করিল, ইহার ফলে বাঙালী রবীন্দ্রনাথ যে তিরোহিত হইলেন তাহা নয় কিন্তু দেশ ও বিদেশের উজ্জ্বলিত নাট্যমঞ্চে যে অভিনেতা দেখা দিলেন তাহার কাছে সত্যকার রবীন্দ্রনাথ ম্লান হইয়া গেলেন। বিশ্বমানবতা প্রচার, সুপরিসর আলখাল্লা পরিয়া বিদেশে ভ্রমণ, বিশ্বভারতী প্রতিষ্ঠা, বিদেশ হইতে ভারতীয় কালচারের বিদেশী ফেরিওয়ালা আনিয়া শান্তিনিকেতনে ইউরোপীয় চিড়িয়াখানার স্থাপন, উড কাঠ-বাটিক প্রভৃতির বাতিক, চিত্রাঙ্কন ইত্যাদি সবই অভিনেতা রবীন্দ্রনাথের কাজ, সত্যকারের রবীন্দ্রনাথের নহে।" এই নীরদ চৌধুরী রবীন্দ্রনাথের নোবেল প্রাইজ পাওয়াকে কিছু মূল্য দিতে রাজি হননি বরং তাকে তুচ্ছ ঘটনা বলে দাবী করেছেন। তিনি লিখলেন যে রবীন্দ্রনাথ নোবেল প্রাইজ পাওয়াটাকে একটা সত্যকারের লাভ বলে গণ্য করে মস্ত বোকামি করে ফেলেছিলেন। কারন ওটি সত্যলাভ মোটেই নয়, উহা সম্পূর্ণ অলীক, কল্পিত লাভ। সবচেয়ে হাসির কথা নীরদ চৌধুরী লেখেন, "অভিনেতা হিসেবে বিশ্বের দরবারে লেডি ড্রেস পরিয়া থাকার ফলে রবীন্দ্রনাথের জীবনে ব্যর্থতা ভিন্ন পূর্ণতা আসে নাই।"

এইভাবে রবীন্দ্রনাথ বহুভাবে নিন্দিত হয়েছেন। তাঁকে বলা হয়েছিল ঔপনিবেশিকতার দালাল। এছাড়া বামপন্থীর দল resolution নিয়ে রবীন্দ্রনাথকে সম্পুর্ণভাবে বর্জন করার দাবী তুলেছিল এবং সেই মিটিং এ স্বয়ং হীরেন্দ্রনাথ মুখোপাধ্যায় উপস্থিত ছিলেন। কিন্তু রবীন্দ্রনাথ? তিনি এসব ব্যাপারে কি বলেছিলেন? তিনি বরাবরই নিজেকে খুব শান্ত রেখেছিলেন, তুচ্ছ হিসাবে গণ্য করেছিলেন। তাঁর প্রতি ব্যক্তিগত আক্রমণে এবং অপপ্রচারেও নীরব থাকাই শ্রেয় বলে মনে করেছিলেন। তবে তিনি যে এরজন্য কষ্ট পেয়েছেন একথা বহুভাবেই বলেছেন।

তাহলে দেখা যাক, দেশের মানুষ তাঁকে কি কি অপবাদ দিয়েছেন তাঁর তালিকা:
তিনি লম্পট, চরিত্রহীন, লোভী, জোচ্চোর, বেশ্যালয়ের টাউট, চোর, টুকলিবাজ, ঘুষখোর, মিথ্যাবাদী, ভন্ড, দু-মুখো, দু-নৌকোয় পা দিয়ে চলা মানুষ। তিনি আদতে মূর্খ, বিদেশী কালচারের ধামাধরা, তৈলদান করে নোবেল প্রাইজ পেয়েছেন, "গোটা রবীন্দ্র সাহিত্য বাংলায় লেখা বিদেশী মাল। তাঁর সৃষ্ট কোন চরিত্রে এতটুকু মানবিকতা নেই। নাট্যকার হিসেবে পৃথিবীর শ্রেষ্ঠ নাট্যকারের পায়ের যোগ্যও নন। তাঁর ভাষা জগাখিচুড়ি ভাষা, তাঁর আঁকা কোন ছবিই ভালো ছবি নয়। তাঁকে বলা চলে - ছবিতা। তিনি বুর্জোয়া, প্রতিক্রিয়াশীল। তিনি উইল জালকারী। তিনি মেয়েলী, তাঁর সৃষ্ট চরিত্রগুলি বীর্যহীন দুর্বল, ন্যাকামোতে ভর্তি। এই তালিকা পুরো করলে অনেক দীর্ঘ হবে। আর বাড়াবো না। বাকিটুকু বিচারের দায়িত্ব আপনাদের।

এই যে এতো উৎসব তাঁকে নিয়ে, দেশ-দেশান্তরে তাঁর জয়গান চলছে - একি শুধু একটা হুজুগ? একটা আবেগের উন্মাদনা?

আগামী ৫০ বছরে তাঁর অস্তিত্ব কোথায় দাঁড়াবে, তার মূল্যায়ন কি আমরা করেছি? দেশের জনগণ কি সত্যিই আগ্রহভরে তাঁর সাহিত্য পড়ে? রবীন্দ্র বিশেষজ্ঞ শ্রী অমিতাভ চৌধুরী দেখিয়েছেন যে, তাঁর লেখা ও সুর দেওয়া রবীন্দ্রসংগীতে মাত্র ৭০-৮০ টা গান ঘুরিয়ে ফিরিয়ে গাওয়া হয়। জলসায় যেসব কবিতা আবৃত্তি করা হয়, রবীন্দ্র কবিতা বলতে এখনকার প্রজন্ম তাই জানে। তাঁর বিপুল সাহিত্য অপঠিত থাকে। তাঁর গল্প বা উপন্যাস টিভিতে বা সিনেমায় দেখে নেয়। সত্যি মনে হয় বিষ্ণু দে'র সেই কবিতার বিখ্যাত লাইন - "তুমি শুধু ২৫শে বৈশাখ আর ২২শে শ্রাবণ।"

১৯২৭ সালের ১৩ই ডিসেম্বর প্রেসিডেন্সি কলেজের এক সভায় রবীন্দ্রনাথ বলেন, - "দেশের লোক, কাছের লোক। তাঁদের সম্বন্ধে আমার ভয়ের কথাটা এই যে, তাঁরা আমাকে অনেকখানি দেখে থাকেন, সমগ্রকে সার্থককে দেখা তাদের পক্ষে দুঃসাধ্য হয়ে পরে। আবার ১৯২৮ সালের ২৩শে অক্টোবর কবি অমিয় চক্রবর্তী কে লেখেন - "দেশের লোকের হাত থেকে অনেক দুঃখ অনেক মিথ্যা সহ্য করে এসেছি, এখন জীবনের প্রান্তে যখন এসেছি তখন তার চূড়া টা তৈরী হল। যে দেশে এটা সম্ভবপর হয় সে দেশে এই অভ্রভেদী অপমানের মন্দিরই আমার স্মৃতিচিহ্ন হয়ে থাক, আমি এর বেশী কিছু চাই না।"

এই ছিল রবীন্দ্রনাথের নিজের সম্বন্ধে স্পষ্ট ধারণা।

যিনি আমাদের পিতার অধিক পিতা, সখার অধিক সখা, যিনি আমাদের সাহিত্য-সংস্কৃতির পথপ্রদর্শক, যিনি আমাদের শিক্ষা দিয়েছেন মাথা উঁচু করে চলার জন্য, যিনি আমাদের মাথার ওপরে মস্ত আচ্ছাদন, যিনি আমাদের জীবনে সুখে, শোকে, বন্ধুত্বে, প্রতি পদে, প্রেমে-প্রাণে-গানে, মনের পুলকে সর্বকালে আমাদের পাশাপাশি চলেছেন মহাকালের ঢেউ সরিয়ে -- তিনিই রবীন্দ্রনাথ। আমাদের আচার্য, আমাদের সখা, আমাদের প্রভু। কোন নিন্দা বা কোন ব্যর্থ সমালোচনা, কোন কটাক্ষ তাঁকে ছোঁয় না। যিনি মৃত্যুঞ্জয়, যিনি অসীম, যিনি শোককে জয় করেছেন অনায়াসে, যিনি এতো নিন্দাবাদে কখনো বিচলিত হননি, এতো সম্মানপ্রাপ্তিতে আহংকার করেননি কখনো, ভারতের সেই অন্যতম শ্রেষ্ঠ সন্তানকে আমাদের প্রণাম জানাই।

এই ১৫০ বছরে দূরত্ব তাঁকে যেন আরো কাছে নিয়ে এসেছে।





" To friends of GSPC "
On this auspicious occasion I would like to wish you all a very Happy Durga Puja. may Maa Durga empower all with Name, Fame, Health, Wealth, Happiness, Humanity, knowledge, Devotion and power
Dipa Karmakar
Olympian
Rajiv khel Ratna and Arjun Awardee
02/10/2016
GARDEN STATE PUJA COMMITTEE
NEW JERSEY ★ ESTD. 1981 ★
KARMA
LETE
TA
CDM
Rio2016

# দীপা "আমাদের গর্ব - আমাদের অহংকার"



A Piece on **West Bengal becoming Bangla**…



by **Pooja Basu , Journalist/News Anchor from 24 Ghonta)**

নাম যাই হোক
পাতে থাকুক ইলিশ, চিংড়ি আর মনে গঙ্গা পদ্মার লড়াই

যেই পশ্চিম বাংলাকে ছেড়ে গেলেন, সেই পশ্চিম বাংলাতে আর ফিরতে পারবেন না। ফিরতে হবে বাংলাতে। প্রতিবার প্রবাস থেকে দেশে, নিজের রাজ্যে ফিরে কতই না পরিবর্তন দেখেন। এবার একেবারে তো রাজ্যেই বদল। এবার আসবেন বাংলাতে। তবে পোশাক বদলালে তো আর যেই মানুষটি পোশাকটি বদলালেন, তিনি পাল্টে যান না। তেমনই এই মাটির কোনও বদল হবে না। আর ঘরে ফেরার টানটাও থাকবে একই। এমনই অভিজ্ঞতা হয়েছিল নর্থান রোডেশিয়ানের অলম্পিক টিমটির। যেটা তুলনায় একটু বেশিই রোমাঞ্চকর ছিল বোধহয়। ১৯৬৪-এ নর্থান রোডেশিয়ান দেশটি ছেড়ে কয়েকজন ক্রীড়াবিদ টোকিয়োয়ে অলিম্পিকের জন্য পাড়ি দিয়েছিলেন। মাঝে মাত্র ১২টি দিন। তার মধ্যেই দেশের নাম বদল। নর্থ রোডেশিয়ান নয়। যেই দেশটিতে ফিরলেন তার নাম তখন জাম্বিয়া। নামটি নতুন হলেও, দেশের মাটি, আবহাওয়া কী আর বদলালো!

স্লিম এন্ড ট্রিম থাকাটা এখন ট্রেন্ড। মানে হতে হবে মেদহীন, ঝরঝরে। হোক না তা নামেই। আপনার নামটা যদি দৈর্ঘে একটু বড় হয় ,বা একটু ভারিক্কি হয়, সেটা ছোট করেই ডাকা হবে আপনাকে। নাই বা থাকল তার মানে, চট জলদি হাক পাড়ার জন্য সেটাই বেটার। সেটাই আধুনিক। দু অক্ষরের নামকেও, এক অক্ষরে টেনে নামানো হয়। এমন ভুরি ভুরি উদাহরণ চারিপাশে। এই ছোট নামেই আদর, কদর, দুইই বেশি। তাই পশ্চিমের ভার কমিয়ে, শুধু বাংলাই নাকি রাজ্যকে প্রিয় করে তুলবে, কেন্দ্রের কাছে। নাম বদলের এটাই তো মূল যুক্তি।


নামে কি সত্যিই কিছু যায়ে আসে? আলবাত। গোঁফের মতে নামেই তো চেনা হয় ব্যক্তি। না হলে এত বড় দেশে কোটি কোটি মানুষকে আলাদা করা যাবে কীভাবে? ঠিক যেমন নাম দিয়ে আলাদা করা হয়, রাজ্য, দেশের গণ্ডি। একই মাটি, একই নদী শুধু নামেই পার্থক্য গড়ে ওঠে। এক দেশের গঙ্গা, অন্য দেশের পদ্মা-এ পরিচয় পায়।
১৯০৫। বাংলা ভেঙে দু টুকরো হল। তৈরি হল পূর্ব বঙ্গ, পশ্চিম বঙ্গ। এর তুমুল প্রতিবাদ হল। আন্দোলন হল। কিন্তু কে শুনলো কার কথা। একবার যা ভাগাভাগি হয়, তা জোড়া লাগানো মুশকিল। এরপর ভারতের স্বাধীনতার সঙ্গে পূর্ববঙ্গটি একেবারে দেশের গণ্ডি থেকেই বাদ পড়ল। পূর্বপাকিস্তান থেকে নিজেদের স্বাধীনতা ছিনিয়ে, বাংলাদেশ বলে আত্মপ্রকাশ করল বাংলার এক ভাগ। কিন্তু পশ্চিমবঙ্গকে সেই দেশ ভাগের গ্লানি বয়ে যেতে হল। অন্তত নামের সুবাদে। সে জ্বালা এবার মিটল। এবার সে শুধুই বাংলা। ইতিহাস হয়ত বদলাবে না কিন্তু পূর্বই যখন নেই। তখন পশ্চিমের মানে থাকে কী? বা উল্টো করে বললে শুধু শুধু কারও আধা হয়ে থাকারই বা প্রয়োজন কোথায়? ইতিবাস থাকুক বইয়ের পাতায়। প্রতিবার রাজ্যের নাম উচ্চারণের সঙ্গে নাই বা ফিরে ফিরে এল ভাঙণের কষ্ট।

ক্যালকাটা থেকে কলকাতা আগেই হয়েছে, যেমন হয়েছে বম্বে থেকে মুম্বই বা মাদ্রাজ থেকে চেন্নাই। শাসকের চাপিয়ে দেওয়া নাম থেকে নিজের মত করে নামকরণ। দেশীয় ভাবনা থেকে এভাবেই নিজের নাম বেছে, তৈরি হল নিজের পরিচিতি। নামের মধ্যে দিয়ে কিছুটা তো মুক্তি এল কোলোনিয়াল হ্যাঙ্গওভারের। নিজের বাসস্থানের নাম, নিজের মত করে উচ্চারণ করতে পারার মধ্য যথেষ্ঠ সুখ আছে। আর বিদেশিদের সেই নাম বলাতে বেগ পেতে দেখে, কিছুটা হলেও, প্রবাসীদের স্বস্তি মেলে নিশ্চয়ই। প্রতিনিয়ত, যাদের অন্যের ভাষা, অ্যাক্সেন্ট আয়ত্ত করতে, জিভ রোল করে কথা বলার অভ্যাস করতে হয়, তাঁরাই যখন দেখেন তাঁদের দেশের বা রাজ্যের নাম বলতে গিয়ে বিদেশিরা হোঁচট খাচ্ছেন, তখন মনের ভাবটা হয়..দ্যাখ কেমন লাগে! তবে অন্যকে কষ্ট দেওয়া আমাদের কাজ নয়। আমরা চাই সরলীকরণ।

রাজ্যকে এগিয়ে নিতে হব। আর সেই কাজটাই হবে নামের মধ্যে দিয়েই। দেশের অন্যান্য রাজ্যগুলির থেকে নামেই নাকি পিছিয়ে আছি আমরা। আর সবেতে সবাইকে টপকে যাওয়ার অঙ্গীকার করেন আমাদের রাজ্যের নেতা, মন্ত্রী এবং সর্বপরি মুখ্যমন্ত্রী। সে প্রসঙ্গ আপাতত তোলা থাক। নামে মন দেওয়া যাক। রাজ্যগুলির মিটিং-এ, ইংরেজি অক্ষর ডাবুলও দিয়ে শুরু হওয়া ওয়েস্ট বেঙ্গলের ডাক আসে প্রায় সবার শেষে। সব রাজ্যর বক্তব্য শুনে ততক্ষণে ক্লান্ত হয়ে পড়েন কেন্দ্রীয় নেতারা। এই রাজ্য কথা বলতে শুরু করলেই, সময় শেষ হয়ে যায়। সবার শেষে নিজেদের কথা বলতে বেশি পাত্তাই পান না রাজ্যর নেতারা। দুঃখ তো হয়ই। West-এর জন্যই যত টাইম waste. তাই ওয়েস্টকে বাদ দিয়ে, আমরা এখন বেঙ্গলিস ওব বেঙ্গল। কিন্তু এই যুক্তিটা যেন কেমন। দেশে কি গণতন্ত্র বলে কিছু নেই। নেই সমান অধিকারের আইন। কেন প্রতিটি রাজ্যকেই সমান গুরুত্ব দেওয়া হবে না। ক্লাসে সবার শেষে যেই ছাত্রের রোল নম্বর, সে কি নিয়মমাফিক পরীক্ষায় ফেল করে। তার কথা টিচার মন দিয়ে শোনে না বলে। নাকি রাজ্য কোনও পিছিয়ে পড়া, সংখ্যালঘু জাতি, যার উন্নতি হওয়া কঠিন। তবে প্রবাসীদের এসব ভাবনা না ভাবলেও চলবে।

আপনাদের ভাবনায় আরও ঢের গুরুত্ব পাবে নিজেদের পরিচিতি। আপনি বাংলাদেশি নাকি আপনি পশ্চিম বাংলার বাঙালি, সেটা তো বোঝাতে হবে বিশ্ববাসীকে। অনাবাসী বাঙালিদের মধ্যে একটা সুক্ষ ভাগাভাগি আছে। সবাই বাঙালি কিন্তু এপার আর ওপারকে একে অন্যের সঙ্গে মিশিয়ে না দেওয়ার একটা খুতখুতানি থেকেই যায়। প্রথমত ভাষাটির উচ্চারণ। আপনার বাংলা উচ্চারণে টান থাকা আর না থাকাতেই আপনার প্রাথমিক আইডেনটিটি তৈরি। দ্বিতীয়ত, পার্থক্যের বিষয়, ধর্ম। পশ্চিম দেশগুলিতে যেভাবে থাবা বসাচ্ছে মিলিটেন্সি, তাতে ধর্মটি অনুযায়ী পদবীতেই ভরসা থাকে আপনার। এর মাধ্যমে তো প্রবাসে আপনার গতিবিধির উপরই নিয়ন্ত্রণ জারি হতে পারে। তৃতীয় এবং সব থেকে বেশি যেটা বিভেদের কারণ, তা বোধহয় কর্মক্ষেত্রের পার্থক্য। হোয়াইট কলার আর বুল কলার জবের বিভাজনই, দু-পারের বাঙালিকে আরও দূরে সরিয়ে দেয়। জাতি বৈশিষ্ঠকে ঠেলে দিয়ে, শিক্ষা-বিত্ত-কাজের efficiency আঁকড়ে থাকেন এপারের মানুষ। কিন্তু বলুন তো যেই ভাষাটাই দুই বাঙালির এক, সেই ভাষাকে বাঁচিয়ে রাখতে, কাঁরা প্রাণ দিল? কাঁদের বলিদানে আজ বাংলা ভাষাটি পেল স্বীকৃতি? জীবনানন্দ কোন বাংলাকে বেশি ভালবাসতেন, তার উদাহরণ কী পাওয়া যায়? বাঙালি এক। জাতি, ভাষা, নাম, সবেই তো আমরা এক। বাংলাদেশ আর পশ্চিম বাংলা ফারাকটা কোথায়? বাংলা নামে এখন তো আরও কাছাকাছি।

অনাবাসীরা আপনারা শুধু এটাই ভাবুন, আপনার আশেপাশে যাঁরা আছেন, তাঁরা বাংলা আর বাংলাদেশকে গুলিয়ে ফেলবেন না তো। তাঁদের বোঝাবার দায়িত্ব আপনারই। কারণ, দুটোকে এক করলে বাঙাল-ঘটির লড়াইটাই যে মাটি হবে। ইলিশ-চিংড়ি দুটোই পাতে থাকুক, আর মনে গঙ্গা-পদ্মার লড়াই!


Alltech
Consulting Services
YOUR SEARCH FOR SOLUTIONS END HERE
Clientele:
-Bank Of America
-Credit Suisse
-Deutsche Bank
-Pearson Education
-UBS
-Wells Fargo
-Federal Reserve Bank of NY
Employee Benefits:
-Up to $5,000 referral
-H-1B and Green Card Sponsorship
-Medical and Dental Life Insurance Plans
Alltech Consulting Services, Inc. is one of the fastest growing IT Consulting Company in the North East. We work with a wide range of clientele from startups to Fortune 500 Companies. We are an equal opportunity employer headquartered in Princeton, New Jersey.
Contact us at 609-945-2590 or send your resumes to careers@alltechconsultinginc.com 410 Wall Street, Princeton, NJ 08540, Ph# 609-945-2590, Fax: 609-430-0133. www. alltechconsultinginc.com

# Rosaleen Light-Newby - **Realtor**

Let Rosaleen be your guide through **Summit, Berkeley Heights, New Providence, Chatham, Madison, Short Hills, Basking Ridge, Warren, Watchung** & surrounding towns. Rosaleen has been a successful realtor with over 30 years



of experience, America's #1 Expert. When asked what is the most important to her in real estate, she stated "the ability to listen", "flexibility", "strive for excellence", "integrity" & "trust". Isn't this what we are all looking for? A person who represents old fashion service with the state of the art technology.

**Contact Rosaleen Light-Newby**

- P: (908) 273-0400
- F: (973) 695-1666
- M: (908) 510-0861
- Email: rosaleenlight@gmail.com

BERKSHIRE HATHAWAY HomeServices

**Berkshire Hathaway HomeServices New Jersey** Properties

392 Springfield Avenue
Summit, New Jersey 07901

DRE# 7853725

## *Testimonials:*

*We considered Rosaleen as our Trusted Advisor in getting our dream home.*

Nilanjana & Sneham

*"Knowledge" of the market, "trust worthiness", "understanding" of the client's needs and "patience" are some of the words that come to mind while describing Rosaleen. She never pushed us and always had our best interests in mind. Highly recommend her for your home purchase.*


Indrani & Swagat

*Rosaleen was always helpful, not-pushy and got us connected with her best contacts from mortgage to closing. Very pleased and highly recommend her in home-buying process.*

Moumita & Raghav


wetext
You Name It, WeText it
Reach your global audience at a fraction of the cost.
30-day Free Trial – Sign-up Risk-Free
95% are doing it
Tired of overcrowded inboxes and dismal open rates? Want to break through the clutter? WeText gives you instant access to any audience, any time. Text open rates are 95%, compared to just 14-28% for email. WeText attracts attention.
Try it Now!
Text wetext
to 48421
or
234-244-7283
wetext.co


Meet Photo ID Matched
Real People.
GET IT ON
Google Play
Photo ID Matched
ABPweddings
Real People. Real Relationships.


Halal Meat, Fish & Desi Groceries are here
WHAT FOR YOU:
Hilsa serves best Bangladeshi Sea & Fresh water Fishes.
Hilsa's Halal Meat & Medium Chicken are fresh.
Hisa serve Fresh Desi Seasonal Vegetables.
Hilsa ensures all kind of Desi Groceries.
Hilsa's special offer includes typical southern snacks & sweets.
HILSA!
745 Newark Avenue
Jersey City, NJ-07306
hilsagrocery@gmail.com
Please Call Us
201-216-1300

With Best Compliments:

USAS Technologies

*Big Data | Data Science | Data Analytics*

**E: info@usastechnologies.com | P: 1.732.333.1400**
**W: www.usastechnologies.com**
**197 Route 18, Silver Tree North Tower, Suite 304**
**East Brunswick, NJ 08816**

With Best Compliments:

ACCUHEALTH™

healthcare with care


**Driving Rural India's Access to Quality Healthcare**

www.accuhealthlabs.com | Info@accuhealthlabs.com | 91-2423-0000

*A* USAS Technologies *Company*




NCIC IT




Downtown (Financial District):
44 Wall Street, 12th floor, New York, NY 10005

Telephone : (212) 766-4333
Fax : (212) 766-4244 | E-mail support : support@ncicit.com

## Together let's start planning for your family's future.

- Life Insurance
- Annuities
- Income for Life
- Long-Term Care Insurance
- Tax Planning
- Retirement Planning
- Estate Planning
- College Planning
- Employee Insurance
- Disability Insurance
- Group Health Insurance





**Krishnan ( Kris) Padmanabhan**
Agent, New York Life Insurance Company
379, Thornall Street, 8th Floor
Edison, NJ 08837
**(732) 754 4316**
kpadmanabhan@ft.newyorklife.com
www.krispadmanabhan.com

NEW YORK LIFE The Company You Keep

PATEL BROTHERS

**Patel Cash & Carry** **Journal Square, NJ - 07306**










**At Patel Brothers, our mission is to bring the best ingredients from around the world, right to your doorstep. With a wide variety of authentic regional ingredients, we strive to reconnect people with the familiar flavor of India**





Address: 782 Newark Avenue, Jersey City, NJ - 07306 Tel: 201 222 7572 F: 201 222 1019 email : jerseycity@patelbros.com


AKBAR
Fine Authentic Indian Cuisine since 1976
Welcome To Akbar
OFF PREMISES CATERING
& IN HOUSE BANQUETS
Akbar concept in catering has successfully catered all types of occasions and events. We have handled events ranging from small in home casual gatherings, to extravagant weddings, to large corporate events. We are respected pioneers in off premise catering. Complete event planning services including helping you to find the right location you desire as we are affiliated with all leading hotels and banquet facilities. With our modern well-equipped mobile kitchen we can cater at any location nationwide. Our top management are personally involved in all catering and will customize your menu. Our professional service staff will assist with decorations, mandaps, flower arrangements, DJ & audiovisual services, photography & video filming, Wedding Cake, Ice Sculptures, Event Theme and More...
• We are affiliated with all leading reputed Hotels as:
Sheraton
Hilton
Marriott
HYATT
CROWNE PLAZA
RENAISSANCE


All Care General Dentistry, PC
Dr. Johnimel Merene-Bianco is a native of Jersey City, graduating from New Jersey's own University of Medicine and Dentistry in 2006. Following dental school, Dr. Bianco attended residency at New York Medical College in Westchester, NY. Dr. Bianco sits as a board member for the Hudson County Dental Association and teaches one day a week at Rutgers University School of Dental Medicine
http://www.allcaregeneraldentistry.com
550 Newark Ave. Suite 410
Jersey City, NJ 07306, email
dentist@allcaregeneraldentistry.com
Call Us Now: 1-201-706-3412
Free On-Site Parking Available!!!
Dr. Johnimel Merene-Bianco


D&J AUTO REPAIR
Complete Auto Care
Call :(201) 792-7243 !!!
Specialized in
➢ Brakes
➢ Front End Work
➢ Exhaust
➢ Engine Diagnostics
➢ Maintenance
➢ Tune-Ups
Contact : Kamlesh Patel
148 Central Ave, Jersey City, NJ 07306 Tel :(201) 792-7243

# Apna Bazar Cash & Carry

www.apnabazarcashandcarry.com

Apna Bazar Cash & Carry works closely with suppliers and manufacturers to bring you a variety of unique choices, at prices that fit most every budget. You're certain to find great products, great value, and great service at Apna Bazar. We're confident you'll enjoy the product you purchase. After all, there's nothing quite like high quality ingredients that your kitchen needs and make your everyday cooking even more enjoyable.




**2975 JOHN F KENNEDY BLVD, JERSEY CITY, NJ - 07306 Tel : 201 217 9701 / 9702**






**We are one source to most of your automobile needs. Checkout our services section to view at our services**

Omkara Auto Service in Piscataway conveniently located at 5 Stelton Road, Piscataway, NJ 08854, Corner of Lakeview and Stelton Road



Phone: (732) 529-6406 Fax: (732) 529-6405






Ask for Harmeet or Raj


## SUBZI BAZAAR

OPEN 7 DAYS A WEEK

194 Rte 17 N
Rochelle Park, NJ 07662

201-880-7773
Fax 201-880-7774


Bandana Raha MD
Pediatrician
Free On-Site Parking Available!!!
Call @ (201) 963-0080
Bandana Raha is a friendly and compassionate pediatrician providing exquisite care to her little patients in Jersey City, NJ. Dr. Raha is certified by the American Board of Pediatrics. She received her medical degree from the Calcutta National Medical College and completed postdoctoral programs with the Maimonides Medical Center. she completed pediatric internship and residency and participated in an additional pediatric residency at the Morristown Medical Cent.
Board Certifications: American Board of Pediatrics
Jersey City Pediatrics, PA
201-963-0080
Bandana Raha, M.D.,F.A.AP
550 Newark Ave. Suite #401
Jersey City, NJ 07306


ASHOK SETHI
KIRAN SETHI
Jewelry
REEMA JEWELERS
BEST QUALITY IN THE BUSINESS
1358 Oak Tree RD.
Iselin, N.J. 08830
(732) 404-0095
(732) 404-0094
830 Newark Avenue
Jersey City, N.J. 07306
(201) 653-0800
(201) 653-5500
Open: 11-8 pm (Monday Closed) Except Long Weekends


Subzi Mandi
CASH & CARRY
A HOUSE OF FRESH
FRUITS, VEGETABLE
AND
INDO-PAK & B-DESH
GROCERIES
1347 Stelton Road
Piscataway, NJ 08854
Phone: 732-819-9606
Fax: 732-572-9551

**GSPC Executive Committee:**

- Indrani Mukherjee (President)
- Sneham Banerjee (General Secretary)
- Dibyendu Mukherjee (Treasurer)
- Nilanjana Mukherjee (Cultural Secretary)
- Writuparna Dasgupta (Cultural Secretary)

**GSPC Members:**

- Alo and Dilip Sinha
- Shikha and Tapas Ganguly
- Sanjukta and Surajit Mitra
- Jayati and Anirban Das
- Sanchita and Saibal Dasgupta
- Somdatta Das and Anjan Bhattacharya
- Indrani and Swagat Mukherjee
- Writuparna and Subhasish Dasgupta
- Madhurima Ghosh and Dibyendu Mukherjee
- Nilanjana Mukherjee and Sneham Banerjee
- Sudeshna and Deep Chakravorty
- Anuradha and Ayan Chattaraj
- Saugandha Basu and Sunanda Dutta
- Sharmistha Das and Srikanth Iyer
- Sanchita Sengupta and Soumik Roy
- Reba and Ranadhir Chanda
- Tanima and Arindam Mukherjee
- Subhasish Gupta
- Debasree Saha and Souvik Ghosh
- Samarpita and Satwik Mitra
- Ritaja Roy Chowdhury and Nayananjan Chakraborty
- Soma De and Gautam Debnath
- Yasmin Nehar and Mohammad Maarif
- Moumita Ray and Raghav Karmarkar
- Sriparna Bhattacharyya and Vivekananda Bhattachrya
- Payel and Arighna Banerjee
- Suparna and Soumyadeep Podder
- Munmun & Shayantan Dutta
- Nayana Chakraborty & Gaurab Bhattacharya
- Sharmila and Gautam Mukherjee
- Anik and Reshmi Chaturvedi
- Moumita and Indranil Banerjee




**GSPC Junior Members:**

Ria ● Rishi ● Mita ● Paula ● Jojo ● Toby ● Erik ● Ryan ● Aurit ● Aaheli ● Tini ● Drummy ● Asthi ● Drishaan ● Dhruvaan ● Mon ● Butu ● Pukan ● Mishtu ● Konko ● Rik ● Sahana ● Rony ● Cute ● Shreya ● Rishita ● Tatai ● Deep ● Jeet ● Rai ● Eshaan ● Ayaan ● Reyansh ● Shruti ● Bidhi ● Nirmay ● Titli ● Shreyan ●

Our GSPC Website (www.gspcnj.org) Development Team:






GSPC Cultural presentation

GSPC believes in "Culture leads us to Karma". Our cultural team is well trained in various art forms like dancing, singing, dramatics, recitation, scripting and art. The experienced and trained members dedicate their time and creativity to preserve the heritage and culture of India & Bengal. We inculcate the cultural in grooming the youngster .Our passionate volunteers and kids develop cultural shows on various forms of performing arts of India. Our productions are performed for fund raising events and at establishments in the community for edutainment.

Few recent productions:

## Shakti Rupena:




"Shokti Rupena" showcases the concept of "Women Empowerment" with choreography based on different forms of music and poetry. It narrates various facets of women from the dusk of agony, struggle and discrimination to the dawn of vibrancy, beauty, love and freedom.The script is based on poetry by Mallika Sengupta and inspired by the thoughts of Malala, "Principles of Women Empowerment" by United Nations and other relevant research articles.The music spans from Rabindrasangeet,contemporary band to fusion instrumental.

## Bong Chronicle




Bong Chronicle is a unique home production by GSPC for Saturday Oct 4. It combines dance, music, live singing and acting to depict the journey of its protagonists though childhood and youth. The scene opens with two long-lost friends walking down the memory lane growing up in Bengal. As the scene unfolds, the "adda" continues with rich cultural flavors spanning generations.

## Alor pathajatri




Dance, recitation and live-singing based on a theme of youth and inspiration

*Trucking | Logistics | Produce |Freight*

Powered by USAS Technologies

**Florida | Georgia | North Carolina | Tennessee |Texas | California | Massachusetts | Maine**

**www.pattersoncos.com**
**2400 Robert Ranch Road, Plant City, FL 33566**

**Patterson Companies ©**

# You just had a complete physical.

# You still need a mammogram.

It's curious how healthy habits can become go-to excuses. But don't excuse yourself from getting a mammogram. At RWJBarnabas Health, we offer the latest in comprehensive breast health services including mammograms, 3D mammograms, genetic testing, breast surgery and more — like peace of mind. And with breast health centers conveniently located throughout New Jersey, finding us is simple, too.

Making excuses is easy. Making an appointment is easier. Schedule your visit at **rwjbh.org/mammo**. Let's beat breast cancer together.

**Jersey City Medical Center**

RWJBarnabas HEALTH

Let's be healthy together.

